দৈনিক বাংলা

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 02 JUL 1989
পৃষ্ঠা 1 কলাম 5

15

৩৫

# চট্টগ্রাম ভার্সিটির ১৩ কোটি টাকার বাজেট

চট্টগ্রাম, ১লা জুলাই (বাসস)।—চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় গতকাল ১৯৮৯-৯০ সালের জন্যে ১২ কোটি ৯০ লাখ টাকার বাজেট অনুমোদন করেছে। খবর বাসসর।

(শেষ পৃঃ ১-এর কঃ দ্রঃ)

## চট্টগ্রাম ভার্সিটি

(১ম পৃঃ পর)

বিশ্ববিদ্যালয় সিনেট-এর সপ্তম বার্ষিক সভায় এই বাজেট পাস হয়। শুক্রবার এই সভা শেষ হয়েছে।

বিশ্ববিদ্যালয়ের এক প্রেস বিজ্ঞপ্তিতে প্রকাশ, এই বাজেটকৃত অর্থের মধ্যে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন থেকে ১১ কোটি ৪০ লাখ টাকা ও বিশ্ববিদ্যালয়ের নিজস্ব উৎস থেকে দেড় কোটি টাকা আসবে বলে আশা করা হয়।

১৯৮৯ সাল থেকে ১৯৯০ সাল পর্যন্ত সময়ে বিভিন্ন খাতে বিশ্ববিদ্যালয়ের ব্যয় দাঁড়াবে ১৩ কোটি ৬২ লাখ ১৯ হাজার টাকা। এর মধ্যে গত বছরের ৭৮ লাখ ১৯ হাজার টাকা ঘাটতিও ধরা হয়েছে।